রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ২৪ নং

# বাংলাদেশ গেজেট



কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৭, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩১৩—৩২০ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫১৯—৫৪২ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৭৩—১৮৮ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ২৯—৪৭ | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮০১—৮৭৫ | (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**
**প্রশাসন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ফাল্গুন ১৪২৭/০৯ মার্চ ২০২১

নং **০৭.০০.০০০০.০৮২.০৪.০০১.২১-১১৩**—যেহেতু, জনাব মো: গোলাম রব্বানী, অতিরিক্ত অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী এর (বর্তমানে সিএজি কার্যালয়ে রিজার্ভ পদে পদায়িত) বিরুদ্ধে জেলা প্রশাসক, জয়পুরহাট কর্তৃক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিকৃত ম্যুরাল স্থাপন এবং কৌশলের আশ্রয় নিয়ে রেলওয়ে জায়গা হতে তিন শতাধিক ব্যক্তির ভ্রাম্যমান ছোট ছোট দোকান উচ্ছেদ এবং প্রায়শই অসামাজিক কার্যকলাপে লিপ্ত থাকার অভিযোগ করা হয়েছে।

২। যেহেতু, সিএজি কার্যালয় কর্তৃক গঠিত কমিটির তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের সত্যতা পাওয়া যাওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (ঘ) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি পরায়ণতার অভিযোগে বিভাগীয় মামলা দায়েরের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

৩। সেহেতু, জনাব মো: গোলাম রব্বানী, অতিরিক্ত অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহীকে (বর্তমানে সিএজি কার্যালয়ে রিজার্ভ পদে পদায়িত) সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮এর ১২ (১) অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হলো।

৪। সাময়িক বরখাস্তকালীন প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকীভাতা (Subsistence allowance) প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আব্দুর রউফ তালুকদার**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ : ০৪ মার্চ ২০২১ খ্রিঃ

নং-**বিচার-৭/২ এন-৬৮/৮৩(অংশ-১)-৫৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন), আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মুহাঃ সানাউল্লাহ, পিতা-মৃত মোঃ মোসলেম আলী হাওলাদার, মাতা-মৃত আলেয়া বেগম, গ্রাম-লোহালিয়া, ডাকঘর- লোহালিয়া বড়বাড়ী, উপজেলা-পটুয়াখালী সদর, জেলা-পটুয়াখালী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার সদর উপজেলার ০৪নং লোহালিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুর্ক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং-**বিচার-৭/২ এন-১০৪/১৮-৫৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন), আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মাহবুবুর রহমান, পিতা- ওবায়দুর রহমান, মাতা-পিয়ারা, গ্রাম-পূর্ব কুয়াকাটা, ডাকঘর-কুয়াকাটা, উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার কুয়াকাটা পৌরসভার ৪, ৫, ও ৬নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুর্ক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং-**বিচার-৭/২ এন-১০৪/১৮-৬০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন), আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ নেছার উদ্দিন, পিতা-ওবায়দুর রহমান, মাতা-পিয়ারা, গ্রাম-পেয়ারাপুর, ডাকঘর-ডালবুগঞ্জ, উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার ১১নং ডালবুগঞ্জ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুর্ক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ ফাল্গুন ১৪২৭/১০ মার্চ ২০২১

নং **৩৩.০০.০০০০.১১৯.২৭.০১৭.২০-৮৯**—যেহেতু, জনাব মির্জা নাজমুল ইসলাম (নন-ক্যাডার), হাঁস-মুরগি উন্নয়ন কর্মকর্তা, সংযুক্তি-সরকারি মুরগি প্রজনন ও উন্নয়ন খামার, যশোর (প্রাক্তন হাঁস-মুরগি উন্নয়ন কর্মকর্তা, সরকারি মোরগ-মুরগি পালন কেন্দ্র, বর্তমান নাম-সরকারি মুরগি প্রজনন ও উন্নয়ন খামার), গোপালগঞ্জে (শিক্ষানবিশ নবীন কর্মকর্তা) কর্মরত থাকাকালীন তার বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের তদন্ত কার্যে নিয়োজিত তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উত্থাপিত অভিযোগসমূহ বিবেচনার বাস্তব ভিত্তি তদন্তে সুপ্রতিষ্ঠিত হয়েছে; তিনি ২০১৯-২০২০ অর্থবছরে ব্যাচওয়ারি উদ্বৃত্ত মোরগ বাচ্চাগুলো অতিরিক্ত সময় পালন করেছেন এবং পালনকৃত বাড়ন্ত বাচ্চাগুলো প্রত্যাশিত ওজন অর্জন না করায় খামারটির আর্থিক ক্ষতি (৯৪,৯৬৯+২,৫৯,৪৪৬+১,৪৯,৯৭৮+৪৬,৬০৮) টাকা অর্থাৎ সর্বমোট ৫,৫১,০০১ (পাঁচ লক্ষ একান্ন হাজার এক) টাকা সরকারের আর্থিক অপচয় ও ক্ষতিসাধন করেছেন; খামারের একমাত্র ব্রিডিং ফ্লক বিক্রয়ে সরকারের ৪৬,০৮০/- (ছেচল্লিশ হাজার আশি) টাকা এবং সংক্রমণজনিত মুরগি মৃত্যুর ৩০,৩৬০/- (ত্রিশ হাজার তিন শত ষাট) টাকা ক্ষতিসহ সর্বমোট ৭৬,৪৪০/- (ছিয়াত্তর হাজার চারশত চল্লিশ) টাকা আর্থিক ক্ষতি সাধন করেছেন। খামারের প্রাপ্তবয়স্ক মোরগ-মুরগি বিক্রয়ে উদ্দেশ্যপ্রণোদিত কম ওজন প্রদর্শন করেছেন এবং ভেটেরিনারী মেডিকেল টিম গঠনে অমার্জনীয় ব্যর্থতার পরিচয় দিয়েছেন; তিনি ২০১৯-২০২০ অর্থবছরে ক্রয় কার্যক্রমে ০১ (এক) টি ল্যাপটপ কম্পিউটার ক্রয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, ঔষধ ও প্রতিষেধক বাবদ অতিরিক্ত ব্যয় ৩৩,৩০০/- ( তেত্রিশ হাজার তিনশত) টাকা, ০১ (এক) টি মেহগনি কাঠের খাট ক্রয় বাবদ ২০,০০০/- (বিশ হাজার টাকা, ব্যক্তিগত ব্যবহার্য আসবাব ক্রয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, স্থাপনা মেরামত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং আঞ্চলিক হাঁস প্রজনন খামার, কোটালিপাড়া, গোপালগঞ্জের স্থাপনা মেরামত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা সহ সবমোট ৩,১৩,৩০০/- (তিন লক্ষ তের হাজার তিনশত) টাকা আর্থিক ক্ষতি সাধন করেছেন; তিনি হ্যাচারি কার্যক্রম অধিকাংশ সময় (১০ মাস) বন্ধ থাকা সত্ত্বেও জেনারেটরের জ্বালানি বাবদ ব্যয়কৃত ১,৩৫,২৪৯/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার দুইশত ঊনপঞ্চাশ) টাকা অপচয় করেছেন; উৎপাদিত বিক্রয়যোগ্য ডিমের নির্ধারিত অনুপাতের অতিরিক্ত ১৬,১২৪টি ডিম খাবার ডিম হিসেবে বিক্রয় করায় ১৬,১২৪/- (ষোল হাজার একশত চব্বিশ) টাকা এবং হ্যাচারির ০১ (এক) দিনের বাচ্চা উৎপাদনের হার কাঙ্খিত মাত্রায় অর্জিত না হওয়ায় বাচ্চা বিক্রয় বাবদ ৫,২৩২/-

(পাঁচ হাজার দুইশত বত্রিশ) টাকাসহ সরকারের সর্বমোট ২১,৩৫৬/- (একুশ হাজার তিনশত ছাপ্পান্ন) টাকার আর্থিক ক্ষতিসাধন করেছেন; তিনি রেজিষ্টার ও বিক্রয় রশিদে কাটা-ছেঁড়া/কারেকশন ফ্লুইডের ব্যবহারসহ ট্রেজারিতে অর্থ জামাদানে অধিকাংশ ক্ষেত্রেই অহেতুক বিলম্ব করেছেন। খামার পরিচালনায় আর্থিক শৃঙ্খলার ঘাটতিসহ আয়ন-ব্যয়ন দায়িত্ব পালনে আর্থিক যথার্থতার মানদণ্ড (Financial Propriety) অনুসরণ করেননি, কর্তব্যে অবহেলা প্রদর্শন করেছেন, যা সরকারি আইন বা বিধি-বিধান অমান্যকরণ, চরম অদক্ষতা, দায়িত্বহীনতা এবং দুর্নীতির শামিল বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) এবং ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০১/২০২১ রুজু করে গত ১৩-০১-২০২১ খ্রি তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০১৭.২০-১৬ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণের মাধ্যমে তাকে কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলায় লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানী প্রার্থনা করায় গত ২৩-০২-২০২১ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়; শুনানিকালে তিনি লিখিত বক্তব্যও প্রদান করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন ও তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং এজন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মির্জা নাজমুল ইসলাম (নন-ক্যাডার), হাঁস-মুরগী উন্নয়ন কর্মকর্তা, অপরাধ স্বীকারপূর্বক ক্ষমা প্রার্থনা করেছেন;

সেহেতু, জনাব মির্জা নাজমুল ইসলাম (নন-ক্যাডার), হাঁস-মুরগি উন্নয়ন কর্মকর্তা, সংযুক্তি-সরকারি মুরগি প্রজনন ও উন্নয়ন খামার, যশোর (প্রাক্তন হাঁস-মুরগি উন্নয়ন কর্মকর্তা, সরকারি মোরগ-মুরগি পালন কেন্দ্র, বর্তমান নাম-সরকারি মুরগি প্রজনন ও উন্নয়ন খামার, গোপালগঞ্জ)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) এবং ৩ (ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) মোতাবেক তার পরবর্তী ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো। তিনি ভবিষ্যতে এ স্থগিত বেতন বৃদ্ধির টাকা পরবর্তীতে বকেয়া হিসেবে উত্তোলন করতে পারবেন না বা দাবী করতে পারবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রওনক মাহমুদ**
সচিব।

---

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## সিএ-২ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ চৈত্র ১৪২৭ বঃ/১৫ মার্চ ২০২১ খ্রিঃ

নং **৩০.০০.০০০০.০১৪.০১.০০২.২০১৯-৯৬**—বাংলাদেশের সকল বিমানবন্দরে গ্রাউন্ড হ্যান্ডলিং সার্ভিস প্রদানের জন্য সার্ভিস লাইসেন্স ক্যাটাগরি ভিত্তিক কোম্পানীর মূলধন এবং বিভিন্ন ফি ও চার্জ বিষয়ে এ মন্ত্রণালয়ের গত ২৯ নভেম্বর ২০১৮ তারিখের ৩০.০০.০০০.০১৭.০২২.০০৫.১৬-৭০৭ নং প্রজ্ঞাপন বাতিলপূর্বক সরকার কর্তৃক নিম্নোক্ত সংশোধিত পরিমাণ/হার অনুমোদিত হয়েছে :

**(ক) গ্রাউন্ড হ্যান্ডলিং সার্ভিস লাইসেন্স ক্যাটাগরি ও প্রোভাইডার কোম্পানীর পরিশোধিত মূলধন :**

| ক্রঃ নং | ক্যাটাগরি | বিবরণ | ন্যূনতম পরিশোধিত মূলধন |
|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) |
| ০১ | 'এ' | অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে পরিচালিত বিমানসমূহকে সার্ভিস প্রদান | ৩০ (ত্রিশ) কোটি টাকা |
| ০২ | 'বি' | শুধুমাত্র অভ্যন্তরীণ রুটে পরিচালিত বিমানসমূহকে সার্ভিস প্রদান | ১০ (দশ) কোটি টাকা |
| ০৩ | 'সি' | শুধুমাত্র বাংলাদেশি বিমান সংস্থা কর্তৃক তাদের নিজস্ব বিমানের নিজস্ব (Self) হ্যান্ডলিং-এর জন্য প্রযোজ্য। | এয়ার অপারেটর সার্টিফিকেটে বর্ণিত শর্ত মোতাবেক |

(খ) ফি ও চার্জ :

| ক্রঃ নং | ক্যাটাগরি | বিমানবন্দর | আইটেমের বিবরণ | ফি/চার্জ (বাংলাদেশি টাকা) |
|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
| ০১ | 'এ' | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা | লাইসেন্স ইস্যু ফি | ৭.৫ (সাত কোটি পাঁচ লক্ষ) কোটি টাকা |
| | | | লাইসেন্স নবায়ন ফি | ২.৫ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) কোটি টাকা |
| | | | রয়্যালটি চার্জ | মোট রাজস্ব আয়ের ৫% হারে প্রতি মাসে প্রদেয় |
| ০২ | | শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর-চট্টগ্রাম, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এবং কক্সবাজার বিমানবন্দর | লাইসেন্স ইস্যু ফি | ০৩ (তিন) কোটি টাকা |
| | | | লাইসেন্স নবায়ন ফি | ৭৫ (পঁচাত্তর) লক্ষ টাকা |
| | | | রয়্যালটি চার্জ | মোট রাজস্ব আয়ের ৫% হারে প্রতি মাসে প্রদেয় |

| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) |
|---|---|---|---|---|
| ০৩ | | অন্যান্য বিমানবন্দর | লাইসেন্স ইস্যু ফি | ১৫ (পনের লক্ষ) টাকা |
| | | | লাইসেন্স নবায়ন ফি | ৭.৫ (সাত লক্ষ পঞ্চাশ হাজার) লক্ষ টাকা |
| | | | রয়্যালটি চার্জ | মোট রাজস্ব আয়ের ৫% হারে প্রতি মাসে প্রদেয় |
| ০৪ | 'বি' | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা | লাইসেন্স ইস্যু ফি | ৩ (তিন) কোটি টাকা |
| | | | লাইসেন্স নবায়ন ফি | ১.২৫ (এক কোটি পচিশ লক্ষ) টাকা |
| | | | রয়্যালটি চার্জ | মোট রাজস্ব আয়ের ৫% হারে প্রতি মাসে প্রদেয় |
| ০৫ | | শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর-চট্টগ্রাম, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এবং কক্সবাজার বিমানবন্দর | লাইসেন্স ইস্যু ফি | ০১ (এক) কোটি টাকা |
| | | | লাইসেন্স নবায়ন ফি | ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা |
| | | | রয়্যালটি চার্জ | মোট রাজস্ব আয়ের ৫% হারে প্রতি মাসে প্রদেয় |
| ০৬ | | অন্যান্য বিমানবন্দর | লাইসেন্স ইস্যু ফি | ৭.৫ (সাত লক্ষ পঞ্চাশ হাজার) লক্ষ টাকা |
| | | | লাইসেন্স নবায়ন ফি | ২.৫ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) লক্ষ টাকা |
| | | | রয়্যালটি চার্জ | মোট রাজস্ব আয়ের ৩% হারে প্রতি মাসে প্রদেয় |
| **বিঃদ্রঃ পরিশোধিত মূলধনের ২% হারে ফেরতযোগ্য অর্থ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ( বেবিচক) নিকট সিকিউরিটি ডিপোজিট হিসেবে ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হবে।** | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
উপসচিব।

---

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
## হজ অনুবিভাগ

### প্রজ্ঞাপন

তারিখ : ০৮ ফাল্গুন ১৪২৭/২২ মার্চ ২০২১

নং **ধবিম/হঃশাঃ/৪-২৫১/২০১৩-১০৩**—যেহেতু আপনি জনাব মোহাম্মদ নাজিম উদ্দীন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে রাহমানিয়া ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১১১৫), ১৮৯/২০৩, হাজী ইউনুস মার্কেট (১ম তলা), সিডিএ এভিনিউ, মুরাদপুর, চট্টগ্রাম এর মালিক/মোনাজ্জেম হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

২। যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ মোতাবেক অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব প্রকৌশলী মোহাম্মদ নুরুন্নবী, নাঙ্গালকোট, কুমিল্লা ও জনাব মো: জালাল উদ্দিন, মুরাদপুর, চট্টগ্রাম নিম্নরূপ অভিযোগ দায়ের করেন;

"২০১৯ সালের হজে হজযাত্রীদের টিকেট বুকিং সংক্রান্ত অভিযোগ"; এবং

৪। যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ১২-১১-২০২০ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ধবিম/হঃশাঃ/৪-২৫১/২০১৩-৪১১নং স্মারকে ০৭ (সাত) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

৫। যেহেতু আপনি গত ২০-১০-২০২০ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন এবং আপনি আপনার স্বপক্ষে যুক্তি উপস্থাপন করতে ব্যর্থ হয়েছেন; এবং

৬। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ বাংলাদেশে গঠিত তদন্ত কমিটি তদন্ত করেছে ও তদন্ত আপনার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে এবং তদন্ত কমিটি শাস্তির সুপারিশ করেছে; এবং

৭। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের ফলে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

৮। সেহেতু তদন্ত কমিটির সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ অনুযায়ী আপনার পরিচালিত রাহমানিয়া ইন্টারন্যাশনাল (হজ লাইসেন্স নং-১১১৫) এর জামানত বাজেয়াপ্তসহ হজ লাইসেন্স বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবুল কাশেম মুহাম্মদ শাহীন**
উপসচিব।

---

### সংস্থা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৮ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/২২ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

নং **১৬.০০.০০০০.০০৪.০৬.১১১.১৯-১২৫**—বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইন ২০১৮-এর ৫নং ধারা অনুযায়ী সরকার নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ড পুনর্গঠন করলেন :

| | | |
|---|---|---|
| (১) | মাননীয় প্রতিমন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | চেয়ারম্যান (পদাধিকার বলে) |
| (২) | জনাব রমেশ চন্দ্র সেন, মাননীয় সংসদ সদস্য, ৩ ঠাকুরগাঁও-১। | সিনিয়র ভাইস চেয়ারম্যান-১ |
| (৩) | জনাব আরমা দত্ত, মাননীয় সংসদ সদস্য, ৩১১ মহিলা আসন-১১। | সিনিয়র ভাইস চেয়ারম্যান-২ |
| (৪) | মাননীয় সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ট্রাস্টি (পদাধিকার বলে) |
| (৫) | জনাব সুপ্ত ভূষণ বড়ুয়া, রোড-১০/এ, বাসা নং-২৩৬/২, ধানমন্ডি, ঢাকা | ভাইস-চেয়ারম্যান |

| | | |
|---|---|---|
| (৬) | জনাব দয়াল কুমার বড়ুয়া, গ্রাম- ঢেমশা, ডাক- ঢেমশা সাতকানিয়া, চট্টগ্রাম। | |
| (৭) | জনাব রুপনা চাকমা, স্বামী- জীবনানন্দ চাকমা, মাতা- সবিতা চাকমা, সাং-দক্ষিণ খবংপড়িয়া, খাগড়াছড়ি সদর, জেলা- খাগড়াছড়ি। | |
| (৮) | জনাব দীপক বিকাশ চাকমা, সদর রাঙামাটি। | |
| (৯) | জনাব মং ক্য চিং চৌধুরী, সাবেক চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা। | ট্রাস্টি |
| (১০) | জনাব খে মংলা রাখাইন, তালতলী, বরগুনা। | |
| (১১) | এড. দীপংকর বড়ুয়া পিন্টু, এস.এম. ম্যানশন, নাজিন সিরাজ আহমেদ সড়ক, ১০নং ওয়ার্ড, কক্সবাজার পৌরসভা, কক্সবাজার। | |
| (১২) | জনাব ডালিম কুমার বড়ুয়া, বাড়ি নং-১৮/১-১৯, গার্ডেন রোড, কাজীপাড়া, পান্থপথ, গার্ডেন ভিউঃ ফ্ল্যাট-২০২, ব্লক-ডি (৩য় তলা), ঢাকা। | |

২। পুনর্গঠিত ট্রাস্টি বোর্ড-এর মেয়াদকাল ২৪-০৭-২০২১ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরকার যে কোন ট্রাস্টির নিয়োগ বাতিল করতে পারবেন। অনুরূপভাবে কোন ট্রাস্টি ইচ্ছা করলে বোর্ডের চেয়ারম্যান বরাবর তাঁর পদত্যাগ পত্র পেশ করতে পারবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: তফিকুল ইসলাম**
সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ শাখা-১**
**এল. এ. কেস নং-২৩০/৬২-৬৩**
**ফরম "ঘ"**
**ঘোষণা**

তারিখ : ০১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/১৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৭.২১-৪১**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন)-এর ৩ ধারা মোতাবেক ০৮-০১-১৯৬৩ খ্রি. তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে, এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে, এবং উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন এবং গত ০৮-০২-১৯৬৬ খ্রি. তারিখে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রাজশাহীর অনুকূলে আনুষ্ঠানিক ভাবে দখল হস্তান্তর করা হইয়াছে।

সেহেতু, এক্ষণে উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহার সর্বপ্রকার দায়দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

জেলা-রাজশাহী, থানা-বোয়ালিয়া, মৌজা- আরাজি শিরইল, জে.এল. নং-২০১

| সি এস খং নং | সিএস দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমান (একর) |
|---|---|---|
| ৩৯ | ৬ | ০.০৪ |
| ৩৯ | ৭ | ০.০৮ |
| ৩৯ | ৭/৩৫৮ | ০.০৭ |
| ৩৯ | ৭/৩৫৯ | ০.০৩ |
| ৩৯ | ৬/৩৬০ | ০.০৩ |
| | মোট= | ০.২৫ একর |

ভূমি অধিগ্রহনের নকশা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**মোঃ আসাদুজ্জামান**
উপসচিব।

---

**শাখা নং-১**

**এল. এ. কেস নং-০২/৭৮-৭৯**
**"ঘ" ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ০১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/১৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৭.৩৪.০১০.২১-৪৮**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ধারা মোতাবেক ৩০-১০-৭৮ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুমদখল করা হয়েছে। এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতায় রয়েছে।

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপধারার প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

মৌজা-কাগমারা, জে.এল. নং-২১৮, উপজেলা- টাঙ্গাইল সদর, জেলা-টাঙ্গাইল

| সি.এস দাগ নং | পূর্ণ/আংশিক | জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|
| ৩৩৩ | আংশিক | ০.৩২ | দক্ষিণ পূর্বাংশ |
| ৯১০ | আংশিক | ০.২০ | পূর্বাংশ |
| | মোট= | ০.৫২ একর | |

মৌজা আকুরটাকুর, জে.এল. নং-৬৩, উপজেলা-টাঙ্গাইল সদর, জেলা-টাঙ্গাইল

| সি.এস. দাগ নং | পূর্ণ/আংশিক | জমির পরিমান (একরে) | মন্তব্য |
|---|---|---|---|
| ৫ | পূর্ণ | ০.৩৩ | |
| ৬ | পূর্ণ | ০.২৭ | |
| ৭ | পূর্ণ | ০.২২ | |
| ৮ | পূর্ণ | ০.২১ | |
| ৯ | পূর্ণ | ০.১৫ | |
| ১০ | পূর্ণ | ০.২১ | |
| ১১ | পূর্ণ | ০.১৮ | |
| ১২ | পূর্ণ | ০.১৭ | |
| ১৩ | পূর্ণ | ০.৩৬ | |
| ১৪ | পূর্ণ | ০.৪১ | |
| ১৪/৬৬৮ | পূর্ণ | ০.৩৪ | |
| ১৫ | পূর্ণ | ০.৫৩ | |
| ১৬ | পূর্ণ | ০.৫৫ | |
| ১৬/৬৬৭ | পূর্ণ | ০.০৬ | |
| ১৭ | পূর্ণ | ০.১০ | |
| ১৭/৬৬৬ | পূর্ণ | ০.০৭ | |
| ১৮ | পূর্ণ | ০.১৮ | |
| ১৮/৬৬৫ | পূর্ণ | ০.০২ | |
| ১৯ | পূর্ণ | ০.১১ | |
| ২০ | পূর্ণ | ০.০৯ | |
| ২১ | পূর্ণ | ০.১৬ | |
| ১২১ | পূর্ণ | ১.২৯ | |
| ১২১/৬৯০ | পূর্ণ | ০.০৮ | |
| ১২৫ | পূর্ণ | ০.২২ | |
| ১২৬/৬৯৩ | পূর্ণ | ০.০৮ | |
| ১২৮ | পূর্ণ | ০.৬০ | |
| ১২৯ | পূর্ণ | ০.৬১ | |
| ১৩০ | পূর্ণ | ০.৫৮ | |
| ১৩১ | পূর্ণ | ০.৯৯ | |
| ১৩২ | পূর্ণ | ০.৪৭ | |
| ১৩৩ | পূর্ণ | ০.৩৩ | |
| ১৩৪ | পূর্ণ | ০.১৬ | |
| ১৩৫ | পূর্ণ | ০.১৮ | |
| ১৩৬ | পূর্ণ | ০.৩০ | |
| ১৩৭ | পূর্ণ | ০.২৫ | |
| ১৩৭/৬৮০ | পূর্ণ | ০.০৪ | |
| ১৩৮ | পূর্ণ | ০.১৯ | |
| ১৩৮/৬৮১ | পূর্ণ | ০.১০ | |
| ১৩৯ | পূর্ণ | ০.১৬ | |
| ১৪০ | পূর্ণ | ০.১১ | |
| ১৪০/৬৬৯ | পূর্ণ | ০.০৮ | |
| ১৪১ | পূর্ণ | ০.১৩ | |
| ১৫৭ | পূর্ণ | ০.২০ | |

| সি.এস. দাগ নং | পূর্ণ/আংশিক | জমির পরিমান (একরে) | মন্তব্য |
|---|---|---|---|
| ১৫৮ | পূর্ণ | ০.১০ | |
| ১৫৯ | পূর্ণ | ০.১১ | |
| ১৬০ | পূর্ণ | ০.১৩ | |
| ১৬১ | পূর্ণ | ০.১৫ | |
| ১৬২ | পূর্ণ | ০.৭২ | |
| ১৬৩ | পূর্ণ | ০.০৫ | |
| ১৬৪ | পূর্ণ | ০.০৪ | |
| ১৬৫ | পূর্ণ | ০.৪৫ | |
| ১৬৫/৬৯২ | পূর্ণ | ০.০৫ | |
| ১৬৬ | পূর্ণ | ০.৪৫ | |
| ১৬৬/৬৯১ | পূর্ণ | ০.৪০ | |
| ১৬৭ | পূর্ণ | ০.৩৮ | |
| ১৭০/৬৭৮ | পূর্ণ | ০.৩০ | |
| ২২০/৬৮৯ | পূর্ণ | ০.১৩ | |
| ২২১ | পূর্ণ | ১.৯৩ | |
| ৪ | আংশিক | ০.২৫ | পূর্বাংশ |
| ১০/৬৪৮ | আংশিক | ০.০৫ | পশ্চিমাংশ |
| ৩১/৬৪৯ | আংশিক | ০.৪৪ | দক্ষিণাংশ |
| ১২০ | আংশিক | ০.০৮ | পশ্চিমাংশ |
| ১২২ | আংশিক | ০.৭১ | পশ্চিমাংশ |
| ১২৩ | আংশিক | ০.৬৪ | পশ্চিমাংশ |
| ১২৪ | আংশিক | ০.১৩ | পশ্চিমাংশ |
| ১২৬ | আংশিক | ০.১৫ | পশ্চিমাংশ |
| ১২৮/৬৭৯ | আংশিক | ০.০৯ | পশ্চিমাংশ |
| ১৪২ | আংশিক | ০.২৪ | পূর্বাংশ |
| ১৪৩ | আংশিক | ০.০৬ | পূর্বাংশ |
| ১৪৪ | আংশিক | ০.০৮ | পূর্বাংশ |
| ১৪৫ | আংশিক | ০.০৮ | পূর্বাংশ |
| ১৪৭ | আংশিক | ০.০৬ | পূর্বাংশ |
| ১৪৭/৬৭০ | আংশিক | ০.৫৮ | পূর্বাংশ |
| ১৪৯/৬৭১ | আংশিক | ০.০৮ | পূর্বাংশ |
| ১৫৬ | আংশিক | ০.০৫ | পূর্বাংশ |
| ১৬৮ | আংশিক | ০.৪০ | পূর্বাংশ |
| ১৬৯ | আংশিক | ০.৬০ | পূর্বাংশ |
| ১৭০ | আংশিক | ০.৬৫ | পূর্বাংশ |
| ১৭১ | আংশিক | ০.২২ | পূর্বাংশ |
| ১৭২ | আংশিক | ০.২১ | পূর্বাংশ |
| ২২০ | আংশিক | ০.৩০ | পূর্বাংশ |
| ২২২ | আংশিক | ০.১৫ | পশ্চিমাংশ |
| | মোট= | ২৩.৫৬ একর | |

সর্বমোট জমির পরিমাণ = ২৪.০৮ একর (কম/বেশী)।

অধিগৃহীত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এল.এ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুজ্জামান**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৭ চৈত্র ১৪২৭/২১ মার্চ ২০২১

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০০৫.২০-৭৮—যেহেতু, আপনি জনাব সেতুয়া পারভীন (বিপি-৭৯০৬১০৯৮১৪) অতিরিক্ত পুলিশ সুপার, ১১ এপিবিএন, উত্তরা, ঢাকা হিসেবে কর্মকালে গত ২৯-০১-২০১৮ খ্রিঃ তারিখ অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, বিএমপি, বরিশাল হিসেবে বদলি করা হয়। আপনি গত ২৯-০৪-২০১৮ খ্রিঃ তারিখ থেকে ২৬-১০-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৮০ (একশত আশি) দিন মাতৃত্বকালীন ছুটি ভোগ শেষে গত ২৭-১০-২০১৮ খ্রিঃ তারিখ কর্মস্থলে যোগদান করেন। অত:পর আপনি গত ১১-১১-২০১৮ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং বেতনভাতাদী উত্তোলন করেন। আপনাকে পুলিশ অধিদপ্তর হতে গত ০২-০৪-২০১৯ খ্রিঃ তারিখের ৪৪.০১.০০০০. ০১১.০৪. ০০৪.২০১৮-১১৭৫/১(২০০) নম্বর স্মারকমূলে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত গত ০৭-০৪-২০১৯ খ্রিঃ তারিখ বর্তমান কর্মস্থল হতে তাৎক্ষণিকভাবে অবমুক্ত করা হয়। অত:পর আপনি নতুন কর্মস্থলে যোগদান না করায় গত ০৮-০৪-২০১৯ খ্রিঃ তারিখ থেকে ব্যাটালিয়নের জনবল হতে অবমুক্ত করত: উক্ত তারিখ থেকে আপনাকে বিএমপি, বরিশাল পুলিশ কমিশনারের কার্যালয়ের জনবলে অন্তর্ভুক্ত করার জন্য পুলিশ কমিশনার, বিএমপি, বরিশালকে অনুরোধ করা হয়। আপনি বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত কর্মস্থলে এসে ছাড়পত্র গ্রহণ করেন নি এবং অদ্যাবদি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি। আপনি গত ১১-১১-২০১৮ খ্রিঃ তারিখ হতে ০৭-০৪-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ১১ এপিবিএন, উত্তরা ঢাকার কর্মস্থলে ৪ মাস ২৬ দিন এবং এপিবিএন, উত্তরা, ঢাকা হতে অবমুক্তির পর গত ০৮-০৪-২০১৯ খ্রিঃ তারিখ হতে অদ্যাবদি বিনা অনুমতিতে বদলিকৃত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

২। যেহেতু, আপনার এইরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (গ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (গ) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে একই বিধিমালার বিধি ১২ (১) মোতাবেক আপনাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা সমীচীন মর্মে প্রতীয়মান হওয়ায় এতদ্বারা জনাব সেতুয়া পারভীন (বিপি-৭৯০৬১০৯৮১৪) অতিরিক্ত পুলিশ সুপার, ১১ এপিবিএন, উত্তরা, ঢাকা (বিএমপি, বরিশালে বদলীর আদেশাধীন) কে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

৪। সাময়িক বরখাস্তকালে তিনি পুলিশ অধিদপ্তরে সংযুক্ত থাকবেন এবং বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৮ চৈত্র ১৪২৭/২২ মার্চ ২০২১

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৭.২০২০-৮১—যেহেতু, জনাব মোঃ মফিজুর রহমান (বিপি-৮৭১৪১৬৬৩০৮), সিনিয়র সহকারী পুলিশ কমিশনার, রামপুরা, ট্রাফিক জোন, ডিএমপি ঢাকায় বর্তমানে কর্মরত আছেন। তিনি সিনিয়র সরকারী কমিশনার, শ্যামপুর জোন, ডিএমপি, ঢাকা হিসেবে কর্মকালে ১২-০৪-২০১৯ তারিখ শ্যামপুর এলাকায় মাদক উদ্ধারের বিশেষ অভিযান পরিচালনাকালে ফৌঃ কাঃ বিঃ ৫১, ১০৩ ধারা এবং পিআরবি ২৮০ বিধি মোতাবেক তল্লাশী কার্যক্রম পরিচালনা করেননি। জনৈক আবুল বাশার এর নিকট হতে কোন প্রকার মাদক (ইয়াবা ট্যাবলেট) উদ্ধার করার বিষয়টি প্রকাশ না করেই তার বিরুদ্ধে শ্যামপুর থানায় মামলা নং ১৫ তারিখ ১২-০৪-২০১৯ খ্রিঃ ধারা ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) এর টেবিল ৮(গ)/১০(ক) রুজু করা হয়। প্রাথমিক তদন্তে অভিযোগের সত্যতা থাকায় জনাব মোঃ মফিজুর রহমান-কে কৈফিয়ত তলব করা হয়। কৈফিয়তের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অপরাধে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় ও বিভাগের গত ২৭-১০-২০২০ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৭.২০-২১৪ নম্বর স্মারকমূলে তাকে কারণ দর্শানো হয়। তিনি গত ২১-১১-২০২০ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন;

২। যেহেতু, তার আবেদনের পরিপ্রেক্ষিতে ০৪-০৩-২০২১ খ্রিঃ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে এবং লিখিত জবাবে তিনি জানান যে, গত ১২-০৪-২১৯ খ্রিঃ তারিখ তিনি ঘটনাস্থলে ছিলেন না। অভিযোগকারী কর্তৃক দাখিলকৃত অভিযোগে তার নাম উল্লেখ করেননি। তার নামটি ওসি মিজানুর রহমান সংযোজন করায় তিনি অভিযোগের সাথে সম্পৃক্ত হয়েছেন। তিনি নিজেকে নির্দোষ দাবী করে আনীত অভিযোগের দায় থেকে অব্যাহতি প্রার্থনা করেন;

৩। যেহেতু, আনীত অভিযোগ, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় তদন্তকালে অভিযুক্ত কর্মকর্তা গত ১২-০৪-২০১৯ তারিখে ঘটনাস্থলে ছিলেন না। তিনি, ছিলেন দক্ষিণখানস্থ তার ভাড়া বাসায়। ওসি শ্যামপুর থানা জনাব মোঃ মিজানুর রহমান মামলার এজাহারে নেতৃত্ব প্রদানকারী অফিসার হিসেবে তার নামটি দেওয়ার কারনেই তার বিরুদ্ধে অভিযোগ উপস্থাপিত হয়েছে। প্রকৃতপক্ষে এই অভিযোগের বাদীনি ঘটনাস্থলে তাহাকে না দেখেই তার বিরুদ্ধে অভিযোগ দাখিল করেন। তিনি তার নামটি মূলত এজাহারের কপি থেকে পেয়েছেন। তিনি তাকে ঘটাস্থলে দেখেননি। সার্বিক বিবেচনায় জনাব মোঃ মফিজুর রহমান (বিপি৮৭১৪১৬৬৩০৮এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়। তবে তার অধিনস্থ অফিসার ও ফোর্সগণ কে যথাযথভাবে দিক নির্দেশনা প্রদান করতে সক্ষম হয়নি।

৪। সেহেতু, অভিযোগের গুরুত্ব, অভিযুক্ত কর্মকর্তা চাকুরীতে নবীন এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় জনাব মোঃ মফিজুর রহমান (বিপি-৮৭১৪১৬৬৩০৮), সিনিয়র সহকারী পুলিশ কমিশনার, রামপুরা, ট্রাফিক জোন, ডিএমপি, ঢাকা কে ভবিষ্যতে সরকারি কাজে আরও সতর্কতার সাথে দায়িত্ব পালনের পরামর্শ দিয়ে বর্ণিত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোস্তাফা কামাল উদ্দীন**
সিনিয়র সচিব।

---

**সুরক্ষা সেবা বিভাগ**
**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ চৈত্র, ১৪২৭/১৫ মার্চ, ২০২১

নং ৫৮.০০.০০০০.০৮৫.০৪.০৬০.১৯-২২০—সাজাপ্রাপ্ত কয়েদি বেগম খালেদা জিয়ার মুক্তির বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগের আইনগত মতামতের আলোকে The Code of Criminal Procedure, (Act No. V of 1898) এর ধারা ৪০১ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল

আপিল নং-**১৬৭৬/১৮** (বিশেষ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-**১৭/২০১৭** থেকে উদ্ভূত) এবং বিশেষ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-**১৮/২০১৭**-এ প্রদত্ত বেগম খালেদা জিয়া'র দন্ডাদেশ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২৫-০৩-২০২১ খ্রি. তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো :

(ক) তিনি ঢাকাস্থ নিজ বাসায় থেকে তার চিকিৎসা গ্রহণ করবেন এবং

(খ) উক্ত সময়ে তিনি দেশের বাইরে গমন করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৫ ফাল্গুন, ১৪২৭/১০ মার্চ, ২০২১

নং **৪৬.০০.০০০০.০৬৭.০৪.০২১.২০১৬-১৭৬**—জনাব মোঃ আখতার হোসেন, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সাবেক নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর) দুর্নীতি দমন কমিশন, রংপুর এর চার্জশীটভুক্ত আসামী হয়ে বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ আদালত, রংপুরে মামলা নং-০২/২০১৯-এ গত ১০-০২-২০২১ তারিখে মাননীয় আদালতে হাজির হয়ে স্থায়ী জামিনের আবেদন করলে আদালত জামিন না-মঞ্জুর করে উক্ত কর্মকর্তাকে কারাগারে প্রেরণ করেন। তিনি বর্তমানে কারাগারে আছেন বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৩৯ এর (১) ও (২) ধারামতে তাকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা (Subsistance allowance) প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ১০-০২-২০২১ তারিখ থেকে কার্যকর মর্মে গণ্য হবে।

নং **৪৬.০০.০০০০.০৬৭.০৪.০২১.২০১৬-১৭৭**—জনাব মোঃ কাওছার আলম, সিনিয়র সহকারী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, জেলা: রংপুর, দুর্নীতি দমন কমিশন, রংপুর এর চার্জশীটভুক্ত আসামী হয়ে বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ আদালত, রংপুরে মামলা নং-০২/২০১৯-এ গত ১০-০২-২০২১ তারিখে মাননীয় আদালতে হাজির হয়ে স্থায়ী জামিনের আবেদন করলে আদালত জামিন না-মঞ্জুর করে উক্ত কর্মকর্তাকে কারাগারে প্রেরণ করেন। তিনি বর্তমানে কারাগারে আছেন বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৩৯ এর (১) ও (২) ধারামতে তাকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা (Subsistance allowance) প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ১০-০২-২০২১ তারিখ থেকে কার্যকর মর্মে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেলালুদ্দীন আহমদ**
সিনিয়র সচিব।

---

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ মার্চ ২০২১

নং **৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-২৭৯**—মাগুরা পৌরসভার ০১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর মোছাঃ ছোবেতারা বেগম গত ১৬-০১-২০২১ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১) (চ) মোতাবেক সরকার উক্ত কাউন্সিলর এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ফারুক হোসেন**
উপসচিব।